বিশুদ্ধ
আয়ুর্ব্বেদীয় তৈল, ঔষধ
পাইবার
বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন
প্রতিষ্ঠাতা—কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়,
বি-এ, কবিরত্ন।
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১।৹ টাকা। নগদ মূল্য ৴৹ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৶৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১৹ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩২শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২৯শে ফাল্গুন বুধবার ১৩৫২ ইংরাজী 13th Mar. 1946 | ৪১শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৫৪ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর সি-এস প্রভৃতি উপাধি-ধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এস, পি, সিংহ, আই-এম-এস এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২।৹, ছোট ১৷৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য

স্বর্ণঘটিত সালসা **স্যাঙো** ব্যবহার করা একান্ত কর্ত্তব্য

"স্যাঙো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫।৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।**

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা

## ব্যয় নহে—সঞ্চয়

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য **"হিন্দুস্থানের"** কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

নূতন বীমা—১৯৪৫
১২ কোটী টাকার উপর

**হিন্দুস্থান কো-অপারেটিভ্**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংসঃ কলিকাতা

## Notice.

The following applications have been received for route permits in respect of stage carriages and are available for inspection in the office. Representations, if any, in connection therewith may be submitted to the undersigned on or before the 12th April, 1946 after which they will be considered by the members of the R. T. A. Murshidabad.

Berhampore
1. 3. 46.

Sd/ K. K. Banerjee.
Secy. Regional Transport
Authority, Murshidabad.

1. Babu Tripuresh Chandra Pal—
   Berhampore—Patkaburi line.
2. Babu Panna Lal Mukherjee of Khagra.—
   1. Berhampore—Jellangi line.
   2. Berhampore—Bhagirathpur line.
   3. Berhampore—Jiagunj line in rainy season.

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৯শে ফাল্গুন বুধবার সন ১৩৫২ সাল

## কমিশনারের বিলাত যাত্রা

বিভাগীয় কমিশনার মিঃ ডি, ম্যাকফারসন ছয় মাসের ছুটি লইয়া বিলাত যাত্রা করিয়াছেন। মিঃ এস, ব্যানার্জ্জী আই-সি-এস বাহাদুর বিভাগীয় কমিশনারের কার্য্যভার গ্রহণ করিয়াছেন।

## অবসর গ্রহণ

ডিষ্ট্রীক্ট সিভিল সাপ্লাই অফিসার মিঃ অপূর্ব্বরঞ্জন বড়ুয়া গত ৬ই ফেব্রুয়ারী তারিখে তাঁহার অধস্তন কর্ম্মচারী মিঃ অসিতকুমার বিশ্বাস মহাশয়কে কার্য্যভার বুঝাইয়া দিয়া অবসর গ্রহণ করিয়াছেন। অসিত বাবুর কার্য্য আমলে সিভিল সাপ্লাই বিভাগের কিছুটা উন্নতি হইলেও অসিত বাবুর উন্নতিতে আমরা আনন্দিত।

## রাস্তা খারাপ

কাশিমবাজারের রেল ষ্টেশনের রাস্তা একেবারে যানবাহন চলাচলের পক্ষে অসম্ভব হইয়া পড়ায় কাশিমবাজার রেলওয়ে ষ্টেশনে যাত্রীদের যাওয়া একরূপ বন্ধ হইয়া উঠিয়াছে এবং সৈদাবাদ খাগড়ার লোকদের বেশী গাড়ী ভাড়া বা রিক্সা ভাড়া দিয়া বহরমপুর কোর্ট ষ্টেশনে গিয়া গাড়ী ধরিতে হইতেছে। কাশিমবাজার রেল ষ্টেশনে যাওয়ার রাস্তাটি যেরূপ কদর্য্য হইয়াছে তাহাতে এই রাস্তারও রাধার ঘাট খাগড়া ঘাট রোড ষ্টেশনের রাস্তার দুর্ঘটনা না হওয়া পর্য্যন্ত বোধ হয় কর্ত্তাদের চৈতন্য হইবে না।

## দুর্ঘটনা

গত ১লা মার্চ্চ তারিখে পোষ্টাল ইন্সপেক্টর বাবু সৌরীন্দ্র সেন খাগড়া ঘাট রোড ষ্টেশন হইতে রাধার ঘাট আসা-কালীন ঘোড়ার গাড়ী ভাঙ্গিয়া যাওয়ার ফলে অতি শোচনীয়ভাবে মৃত্যুমুখে পতিত হইয়াছেন। সৌরীনবাবু একজন উৎসাহশীল, কর্ত্তব্যপরায়ণ কর্ম্মচারী ছিলেন। খাগড়া ঘাট রোড ষ্টেশনে রাধার ঘাট হইতে যে সকল ঘোড়ার গাড়ী যাতায়াত করে তাহা ব্যবহারের অযোগ্য। বহরমপুর মিউনিসিপ্যালিটীর বাহিরে বলিয়া এই সকল ঘোড়ার গাড়ীর কোন লাইসেন্স লইতে হয় না বা ঐ সকল গাড়ী চলনোপযোগী কিনা তাহারও কোন পরীক্ষা হয় না। তারপর রাধার ঘাট হইতে যে রাস্তা ষ্টেশন অবধি গিয়াছে তাহার এবং কান্দী রাধাঘাট রাস্তাটির অবস্থা অত্যন্ত শোচনীয়। এই রাস্তা দুইটিতেই প্রত্যহ বহু গাড়ী যাতায়াত করে বিশেষতঃ ভারী ট্রাক এবং লরী চলাচলের ফলে এই রাস্তা দুইটির অবস্থা নির্ব্বিঘ্নে যাতায়াতের পক্ষে অযোগ্য হইয়া দাঁড়াইয়াছে। সৌরীনবাবুর এই শোচনীয় মৃত্যুর জন্য গাড়ী এবং রাস্তা দুইই দায়ী। আশা করা যায় পুলিশ কর্তৃপক্ষ যান-বাহন বিষয়ে এবং ডিষ্ট্রীক্ট বোর্ড রাস্তা দুইটীর সংস্কারে মনোযোগী হইবেন। রাস্তা দুইটীর সংস্কার অচিরে না করিলে অতি সত্বর রাস্তা দুইটীতে যানবাহনের চলাচল অসম্ভব হইয়া পড়িবে।

## ব্রাহ্মণ

—ঃ০ঃ—



কি ছিলে কি হ'লে তুমি
ভেবে দেখ আপন মনে,
অধঃপতন তোমার মতন
হয়নি কারো ত্রিভুবনে।

স্বয়ং বিষ্ণু যাহার পদ
ভক্তি ক'রে বক্ষে ধরে,
সেই কুলেতে জন্ম তোমার
বল্‌তে ভারি লজ্জা করে।

অগস্ত্যে কি আছে মনে
জান কিহে দধীচিরে,
বোধ হয় তাদের নাইকো মনে
পেয়ে লুচি, দধি, চিঁড়ে।

বৃত্তি তোমার ছিল আগে
যজন যাজন অধ্যাপনা,
স্ববৃত্তি নাই শ্ববৃত্তি তায়
তার উপরে চৌর্য্যপনা।

ব্রাহ্মণত্ব নাইকো মোটে
বামণেমিটা আছে খুবি,
নিজের পেটে গলদ ভরা
লোককে বল ছুবি ছুবি।

একটুকু ভয় নাই হে তোমার
অন্য লোকের সর্ব্বনাশে,
ভোজন বিধি ঠিক রে‍েছ
গণ্ডুষে ও পঞ্চগ্রাসে।

সাফাই হাতে হার মেনে যায়,
পকেট কাটা ডাকাত চোরে,
খাদ্যদ্রব্য নিবেদনে
পৈতে সহ আঙ্গুল ঘোরে।

পরের অর্থ পেলে হাতে
তাড়াতাড়ি লুকাও আগে,
পৈতে কিন্তু কর্ণে দিয়ে
ধর্ম্ম রাখ মুত্রত্যাগে।

রাগের বশে যা' তা' বলে
মুখখানিকে খিস্তি কর,
সেই মুখে 'ওঁ বিষ্ণু' বলে
কেমন করে মন্ত্র পড় ?

আবগাড়ীতে চণ্ডু, চরস,
মদ্য, তারি সবই চলে,
'গঙ্গেচ যমুনে চৈব
চাই না বুঝি শুঁড়ির জলে।

শূদ্র অতি ক্ষুদ্র জাতি
দেখ তাকে তুচ্ছ ভাবে,
শূদ্র জাতির দান গ্রহণে
বল তোমার ধর্ম্ম যাবে।

জুলুম ক'রে আদায় কর
করে তারা ত্রাহি ত্রাহি।
ধর্ম্ম তোমার কোথায় তখন
হে অশুদ্র প্রতিগ্রাহী !

তখন তো কই মানোনাকো
হাড়ী মুচী বাগ্দী ধোবা।
মন্ত্র প'ড়ে নেও কি তাতে
"অপবিত্র পবিত্রোবা" ?

দেবমন্দিরেও চাহ তুমি
বলির আগে পাঁঠার মুড়ি,
দেবস্থানে ধর্ম্ম তোমার
ভোগের আগে প্রসাদ চুরি।

ছেলের বিয়ে দিতে তুমি
ঠিক রেখেছ ধর্ম্মটিকে,
পণের টাকা আদায় ক'রে
পথে বসাও বৈবাহিকে।

তার উপরে শাসাও তাকে
অল্প দামের তত্ত্ব পেলে,
নিজে সাফাই থেকে বল
বিয়ে আবার করছে ছেলে।

নবমীতে লাউ খেলে কে
শুনে তাহার নিন্দা গাহ,
গরু খাওয়ার অপরাধে
এক ঘ'রে তায় করতে চাহ।

সয়তানীকে হৃদয়মাঝে
যত্ন ক'রে রাখছ পুষি,
লোক দেখিয়ে সন্ধ্যা কর
ঠনঠনিয়ে কোশাকুশি।

ভাবছো তুমি ত'রে যাবে
পৈতা ফোঁটা টিকির জোরে,
রেকর্ড খু'লে চিত্রগুপ্ত
গুপ্ত দিবে ব্যক্ত ক'রে।

ভুবন পূজ্য ছিলে যেমন
তেমনি আবার হও হে তুমি,
তোমার পুণ্যে ধন্য হউক।
আবার মোদের ভারতভুমি।

---

## বাঙলায় কুইনাইনের সরবরাহ বৃদ্ধি

বাঙলা দেশের ম্যালেরিয়ার ঔষধ ক্রেতাগণকে এখ হইতে অধিকতর পরিমাণ কুইনাইন সরবরাহ করা হইবে স্থির করা হইয়াছে, অনতিবিলম্বে কুইনাইন সরবরাহে. পরিমাণ ম্যালেরিয়া-প্রতিষেধক ঔষধসমূহের শতকরা ২০ ভাগ পর্য্যন্ত বৃদ্ধি করা হইবে।

ম্যালেরিয়ার ঔষধ ক্রেতা ও খুচরা কুইনাইন বিক্রেতাগণকে প্রতি এক হাজার মেপাক্রিন বটিকার সহিত এক পাউণ্ড কুইনাইন দেওয়া হইবে। যাহাদিগকে বিনামূল্যে কুইনাইন দেওয়া হইত, তাহাদিগকে ম্যালেরিয়ার প্রতিষেধক ঔষধের শতকরা ২০ ভাগের অনধিক পরিমাণ কুইনাইন সরবরাহ করা হইবে।

এতদ্ব্যতীত কুইনাইন রেশনিং কর্ত্তৃপক্ষের নির্দ্দেশানুযায়ী মেপাক্রিন সরবরাহের বিষয় বিবেচনা না করিয়া বিনামূল্যে বা মূল্যের বিনিময়ে সর্ব্বপ্রকার দাতব্য চিকিৎসালয়কে 'সিঙ্কোনা ফ্যাবরিফিউজ' সরবরাহ করা হইবে।

---

## উন্নত শ্রেণীর গবাদি পশু বিক্রয়

নিখিল ভারত গবাদি পশু প্রদর্শন সমিতির উদ্যোগে দিল্লী ও অমৃতসরে যথাক্রমে ২১শে ও ১৯শে এপ্রিল তারিখে উন্নত শ্রেণীর গবাদি পশু নিলামে বিক্রয় করা হইবে। পাঞ্জাবের উন্নত শ্রেণীর গবাদি পশুর মধ্য হইতে ইহাদিগকে বিশেষভাবে বাছাই করা হইয়াছে। প্রজনন ব্যাপারে ইহাদের দ্বারা সুফল পাওয়া যাইবে। বিক্রীত পশু যথাস্থানে চালান দেওয়ার জন্য পারমিটের ব্যবস্থা করা হইবে।

---

## মুনাফাখোরের সাজা

নিয়ন্ত্রিত মূল্য ৩ টাকা ৯ পাইর স্থলে ৬॥০ আনা মূল্যে এক বোতল এঞ্জিয়ার্স ইমাল্‌সন্ ও এক প্যাকেট গ্লুকোজ বিক্রয় করার অপরাধে পুরুষোত্তম শর্ম্মা, অসিত কুমার ভৌমিক ও গৌরীশঙ্কর অতিরিক্ত প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট মিঃ এ মুখার্জ্জির কোর্টে অভিযুক্ত হয়। প্রত্যেককে ৩ মাস সশ্রম কারাদণ্ড ও ২০০৲ টাকা অর্থদণ্ডে, অনাদায়ে আরও এক মাস সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হইয়াছে।


মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প
ডাক মাশুল লাগে না।
প্রাপ্তিস্থান ঃ—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ।

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK-POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
মূল্য ছয় পয়সা
পণ্ডিত প্রেসে পাইবেন।




সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পূঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত